THE BANGLADESH OBSERVER

তারিখ FEB. 1..1.1999
পৃষ্ঠা ২ কলাম ৪

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

"পাঠ্যপুস্তক ভবন"

৬৯–৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা–১০০০

নং ১৭৫-বিত-২০/৯৮ তারিখঃ ৮/০২/৯৯ইং

## বিশেষ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

৬ষ্ঠ হইতে ৯ম–১০ম শ্রেণীর সকল ছাত্র–ছাত্রী, শিক্ষক, অভিভাবক, পাঠ্যপুস্তক পরিবেশক, বিক্রেতা ও সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, ইদানিং ১৯৯৬ সালে মুদ্রিত ভুল ইতিহাস ও তথ্য সম্বলিত পুরাতন পাঠ্যপুস্তক এবং কর্ণফুলী মিলের লালচে রংয়ের নিরাপত্তা কাগজ ও পুস্তানী কাগজবিহীন অথবা নকল নিরাপত্তা কাগজ সম্বলিত অবৈধ পাঠ্যপুস্তক বাজারে ক্রয়–বিক্রয় হইতেছে যাহা আইনত দন্ডনীয় অপরাধ।

এই সমস্ত অবৈধ বই ক্রয়–বিক্রয় হইতে বিরত থাকিবার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে সতর্ক করা যাইতেছে। একইসাথে ঐ সমস্ত অবৈধ বই ক্রয়–বিক্রয়ের সাথে জড়িত ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পর্কে নিকটস্থ থানায় জানাইবার জন্য বোর্ডের সাথে সংশ্লিষ্ট মুদ্রাক্ষর, বাঁধাইকারক ও পরিবেশকসহ সকল স্তরের জনগণকে বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

**বোর্ড প্রকাশিত বৈধ বই চিহ্নিত করিবার উপায়ঃ**

(ক) প্রতি বইয়ের প্রথম চার পৃষ্ঠা ও ভিতরের আট পৃষ্ঠা বিশেষ নিরাপত্তামূলক কর্ণফুলী মিলের লালচে রংয়ের রঙিন কাগজে মুদ্রিত।

(খ) বৈধ সকল পাঠ্যপুস্তকের পিছনের কভারে বোর্ডের মনোগ্রাম, ক্রমিক নম্বর ও "১৯৯৮ শিক্ষাবর্ষে সংশোধিত ও পরিমার্জিত" কথাটি মুদ্রিত আছে।

সচিব
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা।

ডিএফপি-৭৬